

# একাদশে ভর্তির আবেদন আজ থেকে

ইত্তেফাক রিপোর্ট

প্রকাশ : ২৬ মে ২০২৪, ০২:০০



UNIBOTS

আজ রোববার থেকে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন শুরু হচ্ছে। আবেদন করা যাবে ১১ জুন পর্যন্ত। আর ক্লাস শুরু হবে আগামী ৩০ জুলাই।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন



শিক্ষা বোর্ড জানিয়েছে, ১৫০ টাকা (সার্ভিস চার্জ ছাড়া) আবেদন ফি দিয়ে অনলাইন পোর্টালের মাধ্যমে ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)) সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি শিক্ষাপ্রতিষ্ঠানে আবেদন করতে হবে। সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠানে আবেদন করা যাবে, তবে একই প্রতিষ্ঠানের একাধিক শিফট/ভার্সনস/গ্রুপে আবেদন করা যাবে।

আবেদনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন আবেদন পোর্টালের মাধ্যমে সর্বোচ্চ পাঁচ বার কলেজের পছন্দক্রম ও কলেজ পরিবর্তন করা যাবে। প্রথম পর্যায়ের আবেদনের তারিখ ২৬ মে থেকে ১১ জুন। তবে প্রাথমিক নিশ্চয়নের পর আবেদনে আর কোনো পরিবর্তন করা যাবে না।

শিক্ষা বোর্ড জানিয়েছে, মোট তিনটি পর্যায়ে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। প্রাথমিক নিশ্চয়ন সাপেক্ষে সর্বোচ্চ ২ বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন চলবে, অর্থাৎ প্রাথমিক নিশ্চয়নের পরও সর্বোচ্চ দুই বার একজন শিক্ষার্থীর কলেজ নির্বাচন পরিবর্তন হতে পারে। প্রতি পর্যায়ে পছন্দক্রমানুযায়ী অটোমাইগ্রেশন হবে এবং মাইগ্রেশন সর্বদাই পছন্দক্রমানুসারে ওপরের দিকে যাবে।

শিডিউল অনুযায়ী প্রথম ধাপের আবেদন যাচাইবাছাই ও আপত্তি নিষ্পত্তি ১২ ও ১৩ জুন। শুধু পুনর্নিরীক্ষণে ফল পরিবর্তন হয়েছে এমন শিক্ষার্থীরা আবেদন করতে পারবে ১২ ও ১৩ জুন। একই তারিখে পছন্দক্রম পরিবর্তন করা যাবে। প্রথম ধাপে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে ২৩ জুন, রাত ৮টায়। শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়ন করতে হবে ২৯ জুনের মধ্যে। (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে প্রথম পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)।

দ্বিতীয় ধাপে ভর্তি আবেদন শুরু হবে ৩০ জুন থেকে, যা চলবে ২ জুলাই, রাত ৮টা পর্যন্ত। পছন্দক্রম অনুযায়ী প্রথম দফায় নির্বাচিত শিক্ষার্থীদের মাইগ্রেশনের ফলও প্রকাশ করা হবে ৪ জুলাই। একই সময়ে

দ্বিতীয় ধাপে আবেদন করা শিক্ষার্থীদের ফল প্রকাশিত হবে। দ্বিতীয় ধাপে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী ভর্তি নিশ্চয়ন শুরু হবে ৫ জুলাই থেকে, যা চলবে ৮ জুলাই পর্যন্ত।

একাদশ শ্রেণিতে তৃতীয় ধাপে ভর্তির আবেদন শুরু হবে ৯ জুলাই, চলবে ১০ জুলাই পর্যন্ত। দ্বিতীয় ধাপের মাইগ্রেশন এবং তৃতীয় ধাপের ফল ১২ জুলাই প্রকাশিত হবে। তৃতীয় ধাপের ভর্তি নিশ্চয়ন করতে হবে ১৩ থেকে ১৪ জুলাইয়ের মধ্যে।

সব ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি শুরু হবে ১৫ জুলাই থেকে। ভর্তি কার্যক্রম চলবে ১০ দিন। অর্থাৎ ২৫ জুলাই একাদশ শ্রেণির ভর্তি শেষ হবে। আর একাদশ শ্রেণির ক্লাস শুরু হবে ৩০ জুলাই থেকে।

প্রত্যেক নির্বাচিত শিক্ষার্থীকে অবশ্যই ৩৩৫ টাকা জমা দিয়ে নির্বাচন নিশ্চয়ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর নির্বাচন ও আবেদন বাতিল হয়ে যাবে। আবেদন বাতিলকৃত শিক্ষার্থী ইচ্ছা করলে পরবর্তী পর্যায়ের জন্য পুনরায় আবেদন ফি জমা দিয়ে নতুনভাবে আবেদন করতে পারবে।